



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/20/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের সেকেন্ড ডিপার্টমেন্ট, অ্যাপেলেট ডিভিশনের নিয়োগসমূহ ঘোষণা করলেন

গভর্নর ক্যাথি হোকল নিউ ইয়র্ক স্টেট অ্যাপেলেট ডিভিশনের, সেকেন্ড ডিপার্টমেন্টের (New York State Appellate Division, Second Department) নিয়োগসমূহ ঘোষণা করলেন।

"সং এবং অভিজ্ঞ বিচারক নিয়োগ করা হলো অবিচারের বিরুদ্ধে আমাদের প্রথম প্রতিরক্ষা লাইন," **গভর্নর হোকল বলেন।** "আমি আত্মবিশ্বাসী যে এই বিচারকগণ তাদের সুসজ্জিত সরকারি চাকরির রেকর্ড অব্যাহত রাখবেন এবং আইনের পবিত্রতা বজায় রাখবেন। তারা সেরাদের সেরা, এবং আমি গর্বিত যে তারা নিউ ইয়র্কের মানুষদের সেবাদান করবেন।"

মাননীয় হেলেন ভোটসিনাসকে সেকেন্ড ডিপার্টমেন্ট, অ্যাপেলেট ডিভিশনে নিয়োগদান করা হয়েছে। 2019 সাল থেকে, বিচারক ভোটসিনাস নবম ও দশম জুডিশিয়াল জেলার জন্য একজন নাসাউ কাউন্টি অ্যাপেলেট টার্ম (Nassau County Appellate Term) বিচারক হিসেবে দায়িত্ব পালন করছেন। এর পূর্বে, তিনি একজন নাসাউ কাউন্টি জেলা কোর্ট (Nassau County District Court) বিচারক ছিলেন, এবং 2018 সেলাই একজন নাসাউ কাউন্টি বিচারক হিসেবে নির্বাচিত হন। বিচারক হওয়ার পূর্বে, তিনি নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের (New York State Supreme Court) বিচারক স্টিভেন জ্যাগারের প্রধান ল ক্লার্ক ছিলেন। বিচারক ভোটসিনাস এছাড়াও পূর্বে লং আইল্যান্ড হিস্পানিক বার অ্যাসোসিয়েশনের (Long Island Hispanic Bar association) প্রেসিডেন্ট ছিলেন।

মাননীয় জ্যানিস টেইলরকে সেকেন্ড ডিপার্টমেন্ট, অ্যাপেলেট ডিভিশনে নিয়োগদান করা হয়েছে। বিচারক টেইলর 1998 সাল থেকে কুইন্স কাউন্টির একজন সুপ্রিম কোর্ট বিচারক হিসেবে দায়িত্ব পালন করছেন, এবং তিনি 2012 সালে পুনরায় নির্বাচিত হয়েছেন। 1995 থেকে 1997 সাল পর্যন্ত, তিনি নিউ ইয়র্ক সিটির সিভিল কোর্টের (Civil Court) একজন বিচারক ছিলেন। বিচারক টেইলর এছাড়া ম্যাকন বি. অ্যালেন ব্ল্যাক বার অ্যাসোসিয়েশনের (Macon B. Allen Black Bar Association) পরিচালনা পর্ষদের সাবেক প্রেসিডেন্ট এবং বর্তমান প্রধান।

মাননীয় লিলিয়ান ওয়ানকে সেকেন্ড ডিপার্টমেন্ট, অ্যাপেলেট ডিভিশনে নিয়োগদান করা হয়েছে। বিচারক ওয়ান বর্তমানে কিংস কাউন্টি সুপ্রিম কোর্টের (Kings County Supreme Court)

একজন বিচারক, তিনি 2022 সালের জানুয়ারি থেকে এই পদে আছেন। সুপ্রিম কোর্টে নির্বাচিত হওয়ার পূর্বে, তিনি 2018 থেকে 2021 পর্যন্ত নিউ ইয়র্ক স্টেট কোর্ট অফ ক্লেইমের (New York State Court of Claims) একজন বিচারক ছিলেন এবং 2012 থেকে 2018 পর্যন্ত নিউ ইয়র্ক সিটি ফ্যামিলি কোর্টের (New York City Family Court) একজন বিচারক ছিলেন। বিচারক ওয়ান জুডিশিয়াল এথিক্স উপদেষ্টা কমিটির (Advisory Committee on Judicial Ethics) সহপ্রধান, এশিয়ান আমেরিকান জাজেস অ্যাসোসিয়েশন অফ নিউ ইয়র্কের (Asian American Judges Association of New York) সর্বশেষ সাবেক প্রেসিডেন্ট, এবং ব্রুকলিন উইমেন্স বার অ্যাসোসিয়েশনের (Brooklyn Women's Bar Association) বোর্ড সদস্য। বিচারক ওয়ান বর্তমানে কার্ডোজো ল স্কুলের (Cardozo School of Law) অ্যাডজাক্ট অধ্যাপক, তিনি আইনের প্রথম বর্ষের শিক্ষার্থীদের ওকালতি এবং আইনি লেখা শেখাচ্ছেন।

মাননীয় ব্যারি ওয়ারহিটকে সেকেন্ড ডিপার্টমেন্ট, অ্যাপেলেট ডিভিশনে নিয়োগদান করা হয়েছে। বিচারক ওয়ারহিট 2019 সাল থেকে ওয়েস্টচেস্টার কাউন্টি সুপ্রিম কোর্টে (Westchester County Supreme Court) দায়িত্ব পালন করছেন। পূর্বে, তিনি 2015 থেকে 2019 পর্যন্ত ওয়েস্টচেস্টার কাউন্টির নবম জুডিশিয়াল জেলার (Ninth Judicial District) একজন সুপারভাইজিং বিচারক এবং সুপেরিয়র ক্রিমিনাল পার্টস হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি 2010 থেকে 2018 পর্যন্ত ওয়েস্টচেস্টার কাউন্টি কোর্টের একজন বিচারক, এবং এছাড়াও 2006 থেকে 2010 পর্যন্ত ট্যারিটাউন গ্রামের একজন ভারপ্রাপ্ত বিচারক ছিলেন। বিচারক ওয়ারহিট বর্তমানে জাস্টিস ব্র্যান্ডিস ল সোসাইটির (Justice Brandeis Law Society) নির্বাহী কমিটির একজন সদস্য।

সেকেন্ড ডিপার্টমেন্ট অ্যাপেলেট ডিভিশনের জন্য জুডিশিয়াল স্ক্রিনিং কমিটিগুলি (Judicial Screening Committee) আবেদনপত্র পর্যালোচনা করে এবং কয়েক ডজন আবেদনকারীর সাক্ষাৎকার গ্রহণ করে। কেবল সেই সমস্ত আবেদনকারীরা যাদের কমিটি "অত্যন্ত যোগ্য" বলে গণ্য করেন করা হয়, তাদের বিবেচনার জন্য গভর্নরের কাছে জমা দেওয়া হয়। "অত্যন্ত যোগ্যতাসম্পন্ন" গণ্য হবার জন্য প্রার্থীদের সততা, স্বাধীনতা, নেতৃত্ব, বুদ্ধি, আইনগত সক্ষমতা, বিচার ক্ষমতা, মানসিকতা, এবং অভিজ্ঞতা প্রদর্শন করতে হবে।

গভর্নরের অফিস সুপ্রিম কোর্টের অ্যাপেলেট ডিভিশনের শূন্যপদ পূরণের জন্য স্ক্রিনিং প্রক্রিয়ার মাধ্যমে সফলভাবে অগ্রসর হওয়া প্রার্থীদের পর্যালোচনা করতে থাকবে।

নিউইয়র্ক স্টেট সংবিধান (New York State Constitution) ও বিচার বিভাগের আইন (Judiciary Law) অনুসারে, সুপ্রিম কোর্টের বিচারক হিসেবে যাঁরা নির্বাচিত হয়েছেন, তাঁদের মধ্যে থেকে প্রতিটি অ্যাপেলেট ডিভিশনে বিচারক নিয়োগ করার কর্তৃত্ব গভর্নরের। এই নিয়োগসমূহের জন্য সিনেট নিশ্চিতকরণ প্রয়োজনীয় নয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)